# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 11 July, 2025

সুনামগঞ্জের সীমান্ত থেকে বিপুল পরিমাণে দেড় কোটি টাকা মূল্যের কুকুর-বিড়ালের খাআর, ঔষধ ও কসমেটিকস সেনাবাহিনীর সহয়তায় আটক করেছে বিজিবি।

গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শুক্রবার রাত দুইটায় সুনামগঞ্জ সদর এলাকায় একটি কাভার্ড ভ্যান থেকে এসব অবৈধ পণ্য আটক করা হয়।

সুনামগঞ্জ বিজিবির পক্ষ থেকে জানানো হয়

গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শুক্রবার রাত দুইটায় সুনামগঞ্জ সদর এলাকায় একটি কাভার্ড ভ্যান ধরতে অভিযান চালালে পালিয়ে যায় ভ্যানটি। পরে সেনাবাহিনীর সহায়তায় জগন্নাথপুর উপজেলা থেকে চালক বিহীন অবস্থায় কাভার্ড ভ্যানে থাকা এক কোটি ৬০ লাখ টাকার প্রায় ২০ হাজার পেট কসমেটিক ও ১৫ হাজার ঔষধ জব্দ করা হয়।

চোরাকারবারিদের তৎপরতায় ভারত থেকে চোরাই পথে প্রতিদিন কোটি কোটি টাকার অবৈধ পণ্য নামে সুনামগঞ্জের বিভিন্ন সীমান্ত দিয়ে।শাড়ি, কসমেটিক, ফুচকা, চিনি, পেয়াজ সহ নানা পণ্য রোজ ধরাও পড়ছে বিজিবির কাছে। মানুষের প্রয়োজনীয় বিভিন্ন ধরণের ভারতীয় পণ্য ধরা পড়লেও এবার সুনামগঞ্জ সীমান্তে ধরা পড়েছে ভিন্ন ধরনের কিছু পণ্য। টাকার পরিমাণে প্রায় দেড় কোটি টাকার অধিক, যা দেখে অবাক বিজিবি কর্মকর্তারাও।

তবে এবারের জব্দকৃত পণ্যগুলো মানুষের ব্যবহার্য নয়। এসব ব্যবহার করে বিদেশি পার্শিয়ান জাতের কুকুর ও বিড়াল। প্রথমবারের মতো চোরাই পথে আনা এরকম ভিন্ন

ধরনের পণ্য দেখে অবাক বিজিবি কর্মকর্তা নিজেই।

২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়ক

লে.কর্ণেল একেএম জাকারিয়া কাদির জানান, সুনামগঞ্জ সীমান্তে বিজিবি কঠোর ভাবে দায়িত্ব পালন করছে। গত ৬ মাসে ৩০ কোটি কাটা মুল্যের অবৈধ পণ্য আটক করা হয়ছে। তব আজকে আটক হওয়া পন্য দেখে সবাই হতবাক। এবার সুনামগঞ্জের চোরাই পথে এলো কুকুর বিড়ালের খাদ্য, ঔষধ ও কসমেটিকস। চোরাকারবারিরা প্রতিনিয়ত তাদের কাজের ধরণ পালটাচ্ছে।সেই সাথে বিজিবিও তাদের কৌশল পরিবর্তন করে চোরাই পণ্য ধরতে সক্ষম হচ্ছি আমরা

সুনামগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 July, 2025 15:38

URL: https://timestodaybd.com/across-the-country/4579562047